দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 NOV 1994 ...
পৃষ্ঠা ৪ কলাম ৬ ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

## বিজ্ঞপ্তি

নং-৪৭/মাধ্য-পরী/৭৮/৯৪/১১০(৩০০০) তারিখ ঃ ৩-১১-৯৪ ইং

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল বিদ্যালয় প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, ঢাকা শিক্ষা বোর্ডের অধীন ১৯৯৫ ইং সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার আবেদন ফরম, তথ্য ফরম (এসআইএফ) এবং প্রয়োজনীয় ফি অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ, ফি-এর হার ও নিয়মাবলী নিম্নে দেওয়া হইল।

(ক) বিভাগ উন্নয়নে ইচ্ছুক পরীক্ষার্থীর কেবলমাত্র ১৯৯৪ সনে যে বিদ্যালয় হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করিয়া উত্তীর্ণ হইয়াছে, সেই বিদ্যালয় প্রধানের নিকট ১৯৯৫ সনের পরীক্ষায় বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণের জন্য আবেদনের শেষ তারিখ ............ ২০-১১-৯৪ ইং

(খ) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের শেষ. তারিখ ............................................................ ১০-১২-৯৪ ইং

(গ) সকল প্রকার পরীক্ষার্থীর আবেদন ফরম, তথ্য ফরম (এসআইএফ) ও ফি বিলম্ব ফি ছাড়া অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ ................................................ ২-১-৯৫ ইং

(ঘ) পরীক্ষার্থী প্রতি ৪০:০০ টাকা হারে বিলম্ব ফিসহ সকল প্রকার পরীক্ষার্থীর আবেদন ফরম, তথ্য ফরম (এসআইএফ) ও ফি অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ .................. ১৫-১-৯৫ ইং

২। <u>নিয়মিত পরীক্ষার্থী ঃ</u>

১৯৯৩ সালের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীগণ ১৯৯৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিবে। ১৯৯২ সনের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী যাহারা ১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হইয়াছে বা পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাহারা ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে ভর্তি হইয়া থাকিলে নিয়মিত পরীক্ষার্থী হিসাবে নিজ নিজ বিদ্যালয়ের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। এই সকল পরীক্ষার্থীর আবেদনপত্রের সাথে পুনঃ ভর্তির অনুমতি পত্রের ফটোকপি গাঁথিয়া দিতে হইবে।

৩। <u>অনিয়মিত পরীক্ষার্থী ঃ</u>

১৯৯১ ও ১৯৯২ সনের রেজিস্ট্রেশনধারী যে সকল ছাত্র-ছাত্রী ১৯৯৩-১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হইয়াছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, তাহারা স্ব-স্ব বিদ্যালয়ের মাধ্যমে ১৯৯৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় "অনিয়মিত" পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করিতে পারিবে।

৪। <u>বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী ঃ</u>

কেবলমাত্র ১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ২য়/৩য় বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থী ইচ্ছা করিলে ১৯৯৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে নিজ নিজ বিদ্যালয়ের মাধ্যমে অংশগ্রহণ করিতে পারিবে। তাহাদিগকে নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যালয় প্রধানের নিকট তালিকাভুক্তি ফিসহ আবেদন করিতে হইবে। কোন অবস্থাতেই বিদ্যালয় ও বিষয় পরিবর্তন করা যাইবে না। তাহার ফরমে পূর্বের রেজিস্ট্রেশন নম্বরই লিখিতে হইবে। তাহাদিগকে পরীক্ষার আবেদন ফরমের সংগে ১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার মূল প্রবেশপত্র ও মূল নম্বরপত্র অবশ্যই সংযোজন করিতে হইবে। তবে যাহারা উচ্চতর শ্রেণীতে ভর্তি হইয়াছে, তাহাদিগকে মূল নম্বরপত্রের ফটোকপি নিজ কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করিয়া আবেদন ফরমের সহিত জমা দিতে হইবে। ইহা ছাড়া কলেজের অধ্যক্ষ মহোদয় এই মর্মে প্রত্যয়নপত্র দিবেন যে, পরীক্ষার্থীর মূল নম্বরপত্র তাঁহার কলেজে সংরক্ষিত আছে।

৫। <u>পাঠ্যসূচী ঃ</u>

সকল প্রকার পরীক্ষার্থীকে অবশ্যই ১৯৯৫ সনের পাঠ্যসূচী অনুযায়ী নৈর্ব্যক্তিক ও রচনামূলক পদ্ধতিতে পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। তবে গণিত ও উচ্চতর গণিত বিষয়সমূহের ক্ষেত্রে নৈর্ব্যক্তিক পদ্ধতি প্রযোজ্য হইবে না।

৬। <u>নির্বাচনী পরীক্ষা ঃ</u>

পুলিশ, প্রতিরক্ষা বাহিনীর সদস্য, অন্ধ জেল প্রাইভেট শিক্ষক ও বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত সকল প্রকার (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট) পরীক্ষার্থীকে অবশ্যই নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। আবেদন ফরমের নির্ধারিত কলামে নির্বাচনী পরীক্ষায় প্রাপ্ত নম্বর লিপিবদ্ধ করিতে হইবে। <u>প্রয়োজনবোধে বোর্ডকে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র ও স্বাক্ষর লিপি সরবরাহ করিতে হইবে।</u>

৭। <u>বিদ্যালয় সম্পর্কিত ঃ</u>

কোন অবস্থাতেই এক বিদ্যালয়ের রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রী অন্য বিদ্যালয়ের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না। তবে পিতার বদলিজনিত কারণে বোর্ড কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিদ্যালয়ে ভর্তি হইয়া থাকিলে বোর্ডের অনুমতিপত্র আবেদন ফরমের সংগে জমা দিতে হইবে। ৩রা অক্টোবর ১৯৯৪-এ বোর্ডে জমাকৃত দশম শ্রেণীর ছাত্র-ছাত্রী তালিকা বহির্ভূত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।

<u>তথ্য ফরম (এসআইএফ) গ্রহণ ঃ</u>

[illegible]লয়ের রেজিস্ট্রেশনধারী ও নিয়মানুযায়ী ভর্তিকৃত ছাত্র-ছাত্রী যাহা[illegible] কেবলমাত্র তাহাদের নাম, পিতার নাম, জন্ম তারিখ ও রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত একটি তালিকা জমা দিতে হইবে এবং মূল রেজিস্ট্রেশন কার্ড দেখাইতে হইবে। ১৯৯৪ সনে কম্পিউটার পদ্ধতির প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ফরম গ্রহণের নির্দিষ্ট তারিখে পুনরায় প্রশিক্ষণ গ্রহণকরতঃ আবেদন ও তথ্য ফরম (এসআইএফ) গ্রহণ করিতে হইবে। <u>গৃহীত ফরমের তুলনায় প্রেরিত পরীক্ষার্থীর সংখ্যা কম হইলে অব্যহৃত ফরম প্রতি ১০/- (দশ) টাকা হারে জরিমানা আদায় করা হইবে।</u> অব্যবহৃত আবেদন তথ্য ফরম (এসআইএফ) জরিমানাসহ প্রবেশপত্র গ্রহণের পূর্বে বোর্ডে ফেরত দিতে হইবে।

৯। <u>ফি জমাদান পদ্ধতি ঃ</u>

সকল প্রকার পরীক্ষার্থীর আবেদন ফরমের সাথে নির্ধারিত হারে ফি নির্দিষ্ট সময়সূচী অনুযায়ী সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে অত্র বোর্ডের সচিবের অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে বোর্ডের হিসাব আয় শাখায় জমা দিতে হইবে। বিদ্যালয়ের সকল পরীক্ষার্থীর ফি একই ড্রাফটে তিন কপি মুখপত্রসহ জমা দিতে হইবে। স্কাউট/গার্লস গাইড ফি সচিবের অনুকূলে আলাদা একটি ড্রাফট ও মুখপত্রের মাধ্যমে হিসাব আয় শাখায় জমা দিতে হইবে।

১০। <u>(ক) ফি এর হার ঃ</u>

| | পরীক্ষার ফি প্রতি পত্র | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পত্র | মার্ক সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থী | অনিয়মিত ফি প্রতি পরীক্ষার্থী | অনুমতি ও তালিকাভুক্তি ফি প্রতি পরীক্ষার্থী | স্কাউট/গার্লস গাইড ফি প্রতি পরীক্ষার্থী | বার্ষিক ক্রীড়া এপিলিয়েশন ফি বিদ্যালয় প্রতি |
|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ৩৫.০০ | ২০.০০ | ৩০.০০ | X | X | ১০.০০ | |
| অনিয়মিত পরীক্ষার্থী | ৩৫.০০ | ২০.০০ | ৩০.০০ | ৭৫.০০ | X | ১০.০০ | ১০০.০০ |
| বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী | ৩৫.০০ | ২০.০০ | ৩০.০০ | X | ৯০.০০ | ১০.০০ | |
| প্রাইভেট পরীক্ষার্থী | ৩৫.০০ | X | ৩০.০০ | X | X | ১০.০০ | |

(খ) <u>কেন্দ্র ফিঃ</u>

(১) ব্যবহারিক বিষয়বিহীন পরীক্ষার্থীর কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী) ৭০.০০ টাকা

(২) ব্যবহারিক বিষয়সহ পরীক্ষার্থীর কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী) ৮৫.০০ টাকা।

১১। <u>আবেদন ও তথ্য ফরম (এসআইএফ) পূরণের নিয়মাবলী ঃ</u>

(ক) আবেদন ও তথ্য ফরম (এসআইএফ) পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করিতে হইবে। তথ্য ফরম (এসআইএফ) অবশ্যই ইংরেজীতে পূরণ করিতে হইবে।

(খ) প্রার্থীর নাম, পিতার নাম বাংলা এবং ইংরেজীতে স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। রেজিস্ট্রেশন নম্বর ৬ অংকের কম হইলে ডান দিক হইতে লিখিয়া বাম দিকের খালি ঘর/ ঘরসমূহে "০" (শূন্য) লিখিতে হইবে।

(গ) তথ্য ফরম (এসআইএফ) বোর্ড কর্তৃক সরবরাহকৃত সহায়িকা ও বিদ্যালয়ের প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের তত্ত্বাবধানে বৃত্ত ভরাট করিতে হইবে।

(ঘ) বিদ্যালয়ের সকল পরীক্ষার্থীর পূরণকৃত তথ্য ফরম (এসআইএফ) বোর্ড কর্তৃক সরবরাহকৃত কার্টুনে ভরিয়া কার্টুনের উপর ইংরেজীতে স্পষ্টাক্ষরে বিদ্যালয়ের নাম, কোড নম্বর এবং শাখা ওয়ারী (সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান) তথ্য ফরমের (এসআইএফ)-এর সংখ্যা লিপিবদ্ধ করিয়া দুই কপি মুখপত্রসহ মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হইবে।

(ঙ) আবেদন ফরমে লিপিবদ্ধ পরীক্ষার্থীর যাবতীয় তথ্যাদি নির্ভুলভাবে বিবরণী ফরমে উল্লেখ করিতে হইবে।

(চ) রেজিস্ট্রেশন নম্বরবিহীন কোন আবেদন ফরম জমা দেওয়া যাইবে না।

(ছ) প্রত্যেক পরীক্ষার্থীর সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ফটো বিদ্যালয় প্রধান কর্তৃক সত্যায়িত করতঃ আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করিয়া দিতে হইবে।

(জ) <u>অসম্পূর্ণ আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হইবে।</u>

১২। কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার জন্য সাদা উত্তরপত্রসহ অন্যান্য কাগজপত্র বোর্ড হইতে গ্রহণ করার এবং পরীক্ষা শেষে উদ্বৃত্ত কাগজপত্র বোর্ডে ফেরত পাঠানো ব্যবহারিক পরীক্ষার রাসায়নিক ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়সহ যাবতীয় ব্যয় কেন্দ্র তহবিল হইতে করিতে হইবে। এ জন্য বোর্ড কর্তৃক কোন অনুদান মঞ্জুর করা হইবে না।

১৩। পরীক্ষার্থীদের আবেদন ও তথ্য ফরম (এসআইএফ) বিবরণী ফরমের ক্রমানুসারে সাজাইয়া সূতা দ্বারা বাঁধিয়া দিতে হইবে।

**প্রফেসর মোঃ বয়েন উদ্দিন মিয়া**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ডিএফপি-৯৬৭৬-৮/১১
জি-৪৯৯৪/৯৪